address	ঠিকানা	tihana	4.14,7.9
aeroplane	বিমান	urudʒahaz	
afternoon nap	দিনের বেলা ঘুমানো	dʒino gumani	
after someone	পিছে পিছে	hise hise	8.12
after getting off	নেমে	naimme/naimma	6.20,10.3
after hearing	শুনে	huinna	4.17
after that	তারপরে	hær fɔre	6.6
afternoon	দুপুর	dʒuhɔr	
all	সব	bæk	2.11,4.4
all right	আচ্ছা	aitʃʈa	3.6,3.12...
all the time	সব সময়	bæk bæla	6.3
all together (total)	সব মিলে	bækʈa milaia	2.11,4.22..
also there	সেখানেও	heinoo	4.3
angry	রাগ	guʃa	
animals	জন্তু	dʒontʃu	
announcement	ঘোষণা	guʃona	6.14
any	কোন	kunu	4.14,6.9
any	যে কোন	zekunu	6.9
anywhere	যে কোন জায়গায়	zekunu zagaʈ	6.9
anywhere?	কোথাও?	kunuhano?	1.9, 1.11
apple	আপেল	afel	
are you home?	আছেন ?	asuin?	7.11
arrive	পৌঁছান	hoitʃʈpron	
at first	প্রথমে	hoila	5.2
at home	ঘরে	gɔro	3.10,7.17
at night	রাতে	raiʈe	7.4

at this table	টেবিলে	tebildat̪	2.3
at what time?	কয়টায়?	kɔyday?	5.17,7.5
at what time does it open?	কয়টায় খোলে?	kɔyday kule?	5.17
at what time should I come	কয়টার সময় আসবো	kumbala aɪt̪am?	7.5
aunt	খালা	kalamma	
awake	জাগা	hɔzak	
banana	কলা	kæla	
barber	নাপিত	nahit̪	
Barramundi fish	ভেটকি মাছ	bedki mas	
back	পিছনে	hisonde	
bathe	গোসল	gusul	7.17
bathroom	গোসল খানা	gusul hana	
beans	শিম	uffi	
bed	বিছানা	bisna	
behind	পিছনে	hisonde	6.13
belly ache	পেট ব্যাথা	fæd/hæd bed̪na	
belonging to him/her	ওর	hær	8.12
belonging to them	ওদের	hærar	
Bengali calendar	বাংলা ক্যালেন্ডার	fand̪zi/hand̪zi	
Betel	পান	han	
bicycle	সাইকেল	saihel	
bill	রসিদ	roʃid	
biriyani	বিরিয়ানি	birani	
biscuits	বিস্কুট	bifkut	
bits and pieces	টুকি টাকি	tuktak	7.13
black	কালো	kala	
black berry	কালো জাম	kala zam	
black lentil dahl	মাশকলাই ডাল	maʃkolai dail	8.13
blue	নীল	nil	
boat	নৌকা	nau	
boiled	সিদ্ধ	hid̪d̪o	2.7
bones	হাড়	addi	
bowl	বাটি	badi	5.6
box	বাক্স	basko	9.4
boy/son	ছেলে	særa	7.15
bread	রুটি	rudi	2.5
bridge	সেতু	ful	
brother	ভাই	bai	4.1
brown	খয়েরি	kɔyeri	
buffalo	মহিষ	moif̪	

bull	ষাঁড়	hār	
burn	জলে	zoilla	
business	ব্যাবসা	bæfsa	4.6
bush	জঙ্গল	dʒoŋla	
butter	মাখন	mahon	
by checking	দেখে	d̪eikka	6.7,6.9
by hand	হাতে	aṭo	4.8,6.8
by the way,	ভাল কথা	bala koṭa	4.9
bye	এখন চলি	æhon ṭaile zai	10.17
cake	কেক	keik	
calf	বাছুর	basur	
call by first name	নাম ধরে	nam d̪oira	8.4
can you give?	দিতে পারবে?	d̪iṭa farba?	5.6
cannot be	হয় না	pyna	4.8,8.12
cap	টুপি	tuhi	
carefully	সাবধানে	jabd̪ane	8.10
cat	বিড়াল	bilai	
chair	চেয়ার	sear	
change	ভাঙটি	banṭi	5.14
chap	ছেলে	særa	
chapati	চাপাতি	safaṭi	
chatpati	চটপটি	soṭṭodi	
chat (you)	গল্প করেন	goṭṭo koruin	7.17
cheat	ঠকানো- টহানি		
cheese	পনির	kāi	
chest	বুক	buh	
chickens	মুরগি	muggi	
children	ছেলে মেয়েরা	abuḍubain	8.6
children	শিশু	abuḍub	6.17
chilly	মরিচ	moris	2.8
chira	চিড়া	sira	
chital fish	চিতল মাছ	siṭol mas	
choosing carefully	পছন্দ	hoṣond̪	4.17
clean	পরিস্কার	saf	6.12
clock	ঘড়ি	gori	
cloth	কাপড়	kahor	
clothes	কাপড় চোপড়	kahor suhoṛ	4.3
coat	কোট	kut	
cockroach	তেলাপোকা	ṭæl̪osura	
coconut oil	নারকেল তেল	nairholir ṭel	
coconut water	নারিকেলের পানি	nairholer hani	
coconut	নারকেল	nairhol	

cold	ঠান্ডা	daia	
combined with	দিয়ে	d̥e	8.10
cook (you)	রৈঁধো	raind̥o	
cook (person who cooks)	বাবুটি	babut̥t̥i	2.8
cooking	রান্না	rand̥on	7.17
corner store	মুদির দোকান	d̥oħan	
correct	ঠিক	tik	5.1
cow	গরু	guru/gai	
crow	কাক	kaua	
curry	তরকারি	salun	5.5,5.6
curved (not straight)	ব্যাকা	bæha	
cut	কাটা	kada	
dahl – lentil soup	ডাল	dail	5.5,5.6...
dalpuri	ডালপুরি	dailfuri /dailhuri	
damaged road	ভাঙ্গা রাস্তা	baŋgarast̥a	
dance	নাচ	nais	
dark	অন্ধকার	and̥air	
date	তারিখ	t̥arik	
dates	খেজুর	kezur	
dawn	ভোর	beinnebæla	
day before yesterday	গত পরশুদিন	gæse horfud̥in/hoffud̥in	7.2
deer	হরিণ	orin	
dentist	দাঁতের ডাক্তার	d̥āt̥ter dakt̥pr	
did you get?	পেয়েছিলেন?	faisilain?	7.12
did you not eat?	খান নাই?	khaisuin na?	10.12
different	ভিন্ন	onno r̥ohom	7.17
difficulty	অসুবিধা	oʃubid̥a	4.8
dining room	খাওয়ার ঘর	kaoner gor	
dirty	নোংরা	gid̥or	
doctor	ডাক্তার	dakt̥or	
(he is) doing	করছেন	kort̥asen	7.9
dog	কুকুর	kutt̥a	
don't cry	কেঁদো না	kaind̥ona	
don't laugh	হেসো না	aissona	
don't throw	ফেলবেন না	halainnad̥ʒe	6.12
door	দরজা	k̥ofat	
down	নিচে	nise	
do you remember?	মনে আছে?	m̥ono ase?	7.2
downstairs	নিচ তলায়	nise	9.3
dried fish	শুঁটকি মাছ	hutki mas	

dried fish mashed with dried red chilly	সিঞ্চল ভরতা	hidol botta	8.10
drinking water	খাওয়ার পানি	kaoner hani	3.9
duck	হাঁস	ās	
during day time	দিনে	dīno	2.15,2.16
ear	কান	kan	
eatery	খাওয়া জায়গা	kaoner zaga	1.9
eating	খাওয়া	kaon	8.1
egg	ডিম	anda/ænda	2.5,2.6...
egg plant	বেগুন	baingol/baingun/baingon	8.10
elbow	কনুই	koni /koinna	
elder	বড্ডা	bōdda	
elderly people	বয়স্ক	buirā	6.17
embrace	জাব্রিয়ে	zabrāia	
engineer	ইঞ্জিনিয়ার	mesturi	
etc.	ইত্যাদি	eiṭai	4.3
evening	সন্ধ্যাবেলা	handza	
everybody	সকলে	bæhei/hōggolei	6.8
everything	সব কিছু	bæktā	8.12
exactly	ঠিক	tik	6.18
exam	পরীক্ষা	horikka	
eyes	চোখ	souk	
face	মুখ	muk	
false	মিথ্যা	misahotā	
famous	প্রসিদ্ধ	bijal namkōra	4.4
fan	পাখা	bisun	
far	দূরে	dūrat	
farm chicken	খামার মুরগি	kamar murgi	
farmed koi(flying) fish	চাষ করা কই মাছ	jas kōra koi mas	5.5
fast	দ্রুত	ṭṭari/ ṭṭari/harakkari	
fat	মোটা	muda	
father-in-law	শ্বশুর	hour	
fear	ভয় করা	dorani	
first	প্রথম	hōyla	
first class	প্রথম শ্রেণী	foyla sreni	6.8,6.9
fish	মাছ	mas	5.5,5.9...
fish bones	মাছের কাটা	maser kada	
fish curry	মাছের তরকারি	maser salun	5.5,5.6
five	পাঁচ	হাঁস hās	
flower pitha	ফুল পিঠা	hulhida	8.16,10.13
flowers	ফুল	hul	

fog	কুয়াশা	uf	
folk song	লোকসঙ্গীত	maitta gan	
food	খাবার	kaon	5.1
fool	বোকা	behol/bekkol	
foot	পা	hao	
for	জন্য	laigga	3.1,3.8
for returning	ফেরার জন্য	hironer laigga	6.18
for the forward journey	যাওয়ার	zaoner	6.3
for the return (journey)	ফেরার	fironer	7.6
for the time being	আপাতত	afazotpo	
for travelling	ঘোরার জন্য	gurar laigga	4.8
forehead	কপাল	kphal	
fork	কাঁটাচামচ	kadasifi	
four	চার	sair	
fox	শিয়াল	hial	
free (available)	ফ্রি	firi	7.4
free of cost	বিনামূল্যে	magna	
free range chicken	দেশি মুরগি	deji murgi	5.5
Friday	শুক্রবার	jukkurbar	
fried	ভাজা	biran	5.5,5.6...
fried egg plant	বেগুনের ভাজি	baigoner biran	8.10
fried fish	মাছ ভাজা	masor biran	5.5
frog	ব্যাঙ	bæŋ	
from	থেকে	taikka	6.1
from here	এখানকার	eihankar	4.3, 4.14
from there	ওখান থেকে	heintæ	10.3
from there	সামনে থেকে	jamnette	3.13
from top	উপর থেকে	ufbrette	10.18
from you	আপনার থেকে	amner taikka	4.14
front	সামনে	jamne	
fruits	ফল	holmul	same
frustration	নিরাশ	næraʃ	
gentleman	ভদ্রলোক	bdḍorlok	10.9
getting down	নেমে	laimma	
ghee	ঘি	gi	
ginger	আদা	adā	
give	দিয়ো	diṭṭain	2.8
give (respectful)	দিবেন	deindʒe	2.6,2.8,5.3,6.3
glass	গ্লাস	gælas	
go	যেতে	zaitpo	1.15,1.16
go ahead, say what you want to say	বলেন	koin ki koibain	7.3,7.5

goat	ছাগল	sagol	
gold	স্বর্ণ	jonno	
good	ভাল	bala	4.8,4.9...
goose	রাজ হাঁস	radʒa āf	
grapes	আঙ্গুর	aŋgur	
green	সবুজ	koutʃtʃa	
green chilly	কাঁচা মরিচ	kasa moris	
guava	পেয়ারা	goiob	
guest	অতিথি,	meman	4.12
had met	দেখা হয়েছিল	d̪æha pisil	7.2
had no problem	অসুবিধা হয় নাই	ɔʃubid̪a ɔy nai	9.9
hail	শিলাবৃষ্টি	hilabifti	
hair	চুল	sul	
haircut	চুল কাটা	sul kada	
hammer	হাতুড়ি	aʈur	
hand	হাত	aʈ	5,2,8.1
handkerchief	রুমাল	rumal	
hands and face	হাত মুখ	aʈ.muk	5.2
hang	ঝুলা	loitka	
hapless	অভাগা	abaigga	
happy	খুশি	aʃikuʃi	
have to take?	নিতে হবে?	neon lagbo?	9.3
have you come?	এসেছেন?	aisuin?	1.5
have you seen	দেখছেন	d̪eksuin	4.14
heavy	ওজন	uzɔn	
he came	সে এসেছিল	hæ aisin	
he comes	সে আসে	hæ aye	
he goes	সে যায়	hæ zayga	
he is coming	সে আসছে	hæ aise	
he is going	সে যাচ্ছে	hæ zait̪asega	
he was coming	সে আসছিল	hæ ait̪asin	
he was going	সে যাচ্ছিল	hæ zait̪asin	
he went	সে গিয়েছিল	hæ gæsin	
he will be there.	সে থাকবে	hæ ʈakbo	5.18
he will come	সে আসবে	hæ aibo	
he will go	সে যাবে	hæ zaiboga	
he/she	সে	ʈain	
he/she	ও	hæ	
he/she arranges	গুছিয়ে	gusaya gasaya	8.12
he/she is studying	পড়ছে	fort̪ase	8.7
he/she is waiting	অপেক্ষা করছেন	ɔfekka kort̪asen	7.9
head	মাথা	mat̪a	mata

here	এই যে	ei ze	9.4
here	এখানে	eino/eihano	1.9,2.15
hibiscus	জবা	zoba	
hill	পাহাড়	hahar	
hilsa fish	ইলিশ মাছ	ilja	
his	ওনার	hæilar	10.9
his/her (belonging to)	তার	hærar	
hit	মারা	maron	
holding	ধরে	dpoira	
holidays	ছুটি	sudi	4.7,10.5
home cooked meal	ঘরোয়া খাবার	gorua kaon	7.17,10.9
horn (animal's)	শিং	hinj	
horse	ঘোড়া	gura	
hospitable	অতিথিপরায়ণ	ot̪it̪iʃorayon	10.9
hospital	হাসপাতাল	hasfaʈal	
hospitality	আতিথেয়তা	aɖor zoʈon	10.14
hot	গরম	haf uda	
hot (spicy)	ঝাল	zal	8.10
hour	ঘণ্টা	gonta	6.19
house boy	কাজের ছেলে	kamer særa	9.8
how did you like it?	কেমন লেগেছে?	kirɔm lagze?	10.8
how far?	কত দূরে?	kottani d̪ura?	4.1
how many?	কয়টা?	koyda?	2,7
how much did it come to?	কত হোল?	koʈo ɔise?	5.11
how much time?	কতক্ষণ?	koʈkan?	1.17, 2.16
how was it?	কেমন হোল?	kirɔm oilo	7.12
how?	কেমন ?	kirɔm?	7.11
how?	কেমন করে ?	kiba?	3.12
hurry	তাড়াতাড়ি	ʈattari/harakkari	
hurt	ব্যথা পাওয়া	ɖukku haoa	
I	আমি	ami	
I am arranging	আনিয়ে দিচ্ছি	anaia d̪it̪asi	9.11
I am bringing	এনে দিচ্ছি	ainna d̪it̪asi	3.7
I am bringing	নিয়ে আসছি	loia ait̪asi	5.9
I am coming	আসছি	ait̪asi	5.9,6.2...
I am coming	আমি আসছি	ami ait̪asi	
I am coming	আসছি	ait̪asi	5.9,7.10
I am coming just now	এখনি আসছি	æhoni ait̪asi	7.10
I am doing	করছি	koʈasi	7.8
I am giving	দিচ্ছি	d̪it̪asi	3.2,3.7
I am going	আমি যাচ্ছি	ami zait̪asiga	

I am liking	ভাল লাগছে	bala lagṭase	4.8
I am putting it on	উঠিয়ে দিচ্ছি	udaya dṭṭasi	9.12
I am waiting	অপেক্ষা করছি	oṭṭekka korṭṭasi	7.8
I came	আমি এসেছিলাম	ami aisilam	
I came to visit	বেড়াতে এসেছিলাম	beraniṭṭaisilam	10.5
I come	আমি আসি	ami ai	
If I instruct	যদি বলে দেই	zodṭṭi koia dṭṭei	8.12
I go	আমি যাই	ami zaigga	
I had bought	কিনেছি	kinsilam	7.13
I have brought	এনেছি	ansi	3.3
I have come	এসেছি	aisi	
I have fed them	খাইয়ে দিয়েছি	kaoaialsi	8.7
I have never had	খাই নাই	kaisina	8.13
I have paid the fare	ভাড়াটা দিয়ে দিয়েছি	barada dṭṭaisi	4.10
I have reached	এসে গেছি	aia forsi	3.15
in	ভিতরে	moidṭṭe	
inform him	খবর দিন	kəbor dṭṭeindʒe	7.8
inside	ভিতর	biṭṭor	
I shall check out	চেক আউট করব	zaiamga	9.1
I shall eat later.	পরে খাব	fəre kaiam	8.5
itch	চুলকানি	kaidʒoni	
It's all right	ঠিক আছে	tiase	7.18
I want	চাই	sai	4.3,5.17
I want to go	যেতে চাই	zaiṭṭam sai	4.3,5.17
I was coming	আমি আসছিলাম	ami aiṭṭasilam	
I was going	আমি যাচ্ছিলাম	ami zaiṭṭasilam	
I went	আমি গিয়েছিলাম	ami gæslam	
I will be able to	পারবো	farbam	3.11
I will buy	কিনে নেব	kinna niam	4.9
I will come	আসব	aibam	5.19
I will come	আমি আসব	ami aibam	
I will come over	চলে আসবো	aia fəram	7.5
I will do	করব	hərbam/kəram	7.7
I will eat	খাব	kaiam	8.5
I will get down	নামবো	nambam	3.14,4.10
I will give	দিব	dṭṭiam	2.7,2.8
I will go	আমি যাব	ami zaiangga	
I will go	যাবো	zaiam	7.14
I will pick up	তুলে নিব	ṭṭuilla niam	7.6
I will take	নিব	nibam	7.6

I will try to come	আসতে চেষ্টা করব।	aoner sefta horbam	2.18
I will wait	অপেক্ষা করবো	ɒfekka kɔram	7.7
I/we have reached	পৌঁছে গেছি	hoitʃtʃa gæsi	6.17
I/we shall reach (definitely)	পৌঁছে যাবো	hoitʃtʃa zaiam	7.14
I/we shall return	ফিরে যাব	fiirra zaiam	6.19
I/we will reach	পৌছব	hɔsbam	6.7
If	হলে	ɒile	4,14
if I tell him/her	যদি বলে দেই	zodʒi koia dɛi	8.12
in the middle	মধ্যে	moiddɛ	3.2,6.10...
in the morning	সকালে	beinnebela/ʃɔhale	5.16
infinity	অশিম	oʃim	
inside	ভিতরে	biʃɔr	6.5
iron	লোহা	lua	
is it available?	পাওয়া যাবে?	haon zaibo?	3.6
is that so?	তাই নাকি?	tʃai nahi?	10.6
it has reached	এসে গেছে	aia forse	9.12
it is no trouble	কষ্ট করতে হয়না	kɔʃto kɔron lagna	8.12
it is open	খোলা	kula	2.16
it is quite late	অনেক বেজে গেল	mæla baidʒdʒa gæse	8.17
it is waiting	অপেক্ষা করছে	ɒfekka kɔrtʃase	7.11
it was enjoyable/you enjoyed	ভাল লেগেছে	bala lagze	8.13
jackfruit	কাঁঠাল	kadol	
jump	লাফ	fal/hal	
just now	এখনি	æhoni	1,10,2.2
Jute	পাট	naille	
kameez	কামিজ	kamiz	
kata pitha	কাটা পিঠা	kada hide/hida	8.16,10.13
Katol fish	কাতল মাছ	katɔl mas	
khichuri	খিচুড়ি	kisuri	
kitchen	রান্না ঘর	hak gɔr	7.17
knee	হাঁটু	adu	
knife	ছুরি	sakku	
knife and fork	কাঁটাচামচ	kadasifi	
knowing you	পরিচয় হয়ে	sina pia	4.14
Koi fish	কই মাছ	koi mas	
kurta	কুর্তা	kurtʃa	
ladies	মহিলাদের জন্য	beitteiner laigge/laigga	6.13

lady	মহিলা	bedi	
large puti (fresh water fish)	সরপুটী	ʃɔrfudi	5.5,5.6
later	পরে	fɔre	2.6,2.11
launch ticket	লঞ্চের টিকেট	lonser tihet	6.3
laundry	লন্ড্রি	lon dri	
leader	নেতা	næɬɬa	
leafy vegetables	শাক	hag	5.5,5.6...
learn	শেখা	ʃi ha	
left	বাম	bão	
leg	পা	hao	
lemon	লেবু	lembu	
lend	ধার	d̪ar /kɔdʒdʒo	
let me do	নেই	loi	5.2
let me go and check	দেখে আসি	d̪eikka ai	7.17
let me put you on	উঠিয়ে দেই	udaya d̪ei	8.18
let me see	আমি দেখি	ami d̪ehi	9.7
let me see?	দেখি?	d̪ehi?	6.3
let me travel	ঘুরে আসি	guira ai	4.7
let me wash	ধুইয়ে নেই	d̪oia loi	5.2
let us go	চলুন/ চলেন	soluin	4.4,4.5
letter	চিঠি	sidi	
light	আলো	hɔʃor	
liked it a lot	খুব ভাল লাগল	mæla bala lagze	4.14
lips	ঠোঁট	tud	
little	ছোট	sudu	
luggage	জিনিশ পত্র	malʃɔtrodi	9.1
luggage	মাল পত্র	mal ʃɔttor	10.17
lunch	দুপুরের খাবার	d̪uhorokt̪er kaon	
lungi	লুঙ্গি	longgi	
lying	শুয়ে	fuit̪ta	
mad	পাগল	hagol	
maiden	কন্যা	koinna	
male (toilet)	পুরুষ	bedain	6.13
many	অনেক	mæla/ɔt̪ɔt̪a	
marriage	বিয়ে	biya	
mashed	ভরতা	bɔtt̪a	8.10
measuring	মেপে	maippa	
meat	গোস্ত	gust̪u	5.6
middle	মাঝ	maid̪d̪ain	
milk	দুধ	d̪ud̪	

minute	মিনিট	minid	6.2,6.10
Monday	সোমবার	ʃumbar	
monkey	বানর	bandʒor	
moon	চাঁদ	san	
mop	ঝাড়ু	hasun	
morning	সকাল	ʃɔhal / beinna	
mother-in-law	শাশুড়ি	hourī	
mouse	ইঁদুর	undʒur	
moustache	গোঁফ	mus	
mouth	মুখ	muk	5.2
move around	চলতে ফিরতে	sɔlatʃ firatʃ	4.8
Mr. (x)	(x) সাহেব	(x) ʃaib	7.11
mud	কাদা	fæk	
mustard oil	সরিষা তেল	hɔɪʃær/hɔrur tʃel	
Mymensingh	ময়মনসিং	moyising	10.2
nails	নখ	nɔk	
narrow	সরু	sihon	
near	কাছে	ɔaro	
nearby	কাছে	ɔaro	1.9,1.11
needle	সুই	hui	
Netrokona	নেত্রকোনা	netʃrohuna	10.5
never	কোন দিন	kunudʒin	10.11
news	খবর	kɔbor	
newspaper	সংবাদপত্র	hotʃrika	
next	পাশের	ʃafer	10.1
night	রাত	raitʃ	2.17
no (respectfully)	জি না	ẽhe	8.5
now	এখন	æhon	10.17
OK	ঠিক আছে	aitʃtʃe/aitʃtʃa	9.2
on a rickshaw	রিকশাতে	riʃkatʃ	8.18
on ground/first floor	এক তলায়	æk tʃalatʃ	6.9
one's own	নিজস্ব	nizerar	6.14
onion	পেঁয়াজ	heioaiz/hebaiz	2.8
only	শুধু	kali	9.7
open	খোলা	kula	2.16
opens?	খোলে?	kule?	5.17
our (belonging to us)	আমাদের	amrar	8.12
our maidservant	আমাদের বুয়া	amrar bua	8.12
out	বাইরে	bair	
outside	বাইরে	baire	
ox	ষাঁড়	ɔæha guru	
paddy	ধান গাছ	roya	

paddy field	ধান ক্ষেত	roya kæt	
pain	ব্যথা	bedna	
pair	জোরা	zura	7.13
pan	ডেকচি	dæg	
pancake	লুচি	lusi	2.5, 2.7...
pant	প্যান্ট	pæn	
papaya	পেঁপে	habda	
paper	কাগজ	haṭa	
paratha	পরাটা	foroda	2.5
passenger	প্যাসেঞ্জার	fæsendʒar	6.6, 6.8
pawpaw	পেঁপে	habda	
pea	মটর	motor	
peanut	চিনাবাদাম	sinabadam	
pen	কলম	kɒlom	
pencil	পেন্সিল	hensil/finsil	
pepper	গোলমরিচ	gul moris	
pharmacy	ওষুধের দোকান	harmesi /oʃoidɐr dɒhan	
phone	ফোন	hun	
photo	ফটো	hodu	
pick	কুড়ানো	tuhani	
picnic	চড়ুইভাতি	tulahati	
picture	ছবি	sobi	
pigeon	কবুতর	koittpr	
pineapple	আনারস	anarɒs	
pitha (village cakes)	পিঠা	hida	8.16, 10.12
pithas of our region	আমাদের অঞ্চলের পিঠা	amrar elahar hida	8.16
place to stay	থাকার জায়গা	ṭahoner zaga	1.9
planted	লাগিয়েছে/বুনেছে	lagaise	
plate	প্লেট	ṭal	5.6
please ask	জিজ্ঞেস করবেন	zigaibain	6.15
please call	ডাকবেন	dagbain	8.4
please come again	আবার আসবেন	abar/aragbar aindʒe	9.14
please come to eat	খেতে আসুন	kaitʃain aohain	8.1
please get down	নামুন	namuin	6.17
please get up	ওঠেন/ উঠেন	uduin	1.14
please give me	দিন	dɛindʒe/dɛuhain	4.22
please go and wash your hands	হাত ধুইয়ে আসুন	aṭ dɒia aohain	8.1
please return	ফিরে আসবেন	fiirre/hiira aibain	6.18
please sit here	এখানে বসেন	eihano bohain/boin	5.1, 5.17
please wash your hands	হাত ধুইয়ে নিন	aṭ dɒia loin	8.2

poa pitha	পোয়া পিঠা	hoa hida	8.16, 10.13
poached	পোঁচ	fos	2.7
polao	পোলাও	hulao	
police station	থানা	tʃana	
pomegranate	ডালিম	dalom	
pomfret fish	রূপচান্দা মাছ	rupsandʒa mas	
pond	পুকুর	hufkuni	
potato	আলু	guda	8.1
prayer	নামাজ	noʔmɔdʒ	
profit	লাভ	lab	
program	প্রোগ্রাম	hɔɡram	7.5
pumpkin	কুমড়া	kumda	
punjabi	পাঞ্জাবি	hanɔdʒabi	
purple	বেগুনি	beguni	
put on	পরে নিবেন	foira nibain	6.14
pyjama	পাজামা	haizama	
quarrel	ঝগড়া	kaidʒdʒa	
question	প্রশ্ন	hoʃno	6.15
quite good	ভালই	balai	4.5
railway station	রেলওয়ে স্টেশন	rel istifɔn	9.11
rain	বৃষ্টি	mæg	4.8
rat	ইঁদুর	undʒur	
ready	তইরি	bau	7.6
red	লাল	lal	
red spinach	লাল শাক	lal hag	
related to them	তাদের	hærar	6.8
remember	মনে আছে	mono ase	7.2
remind	মনে করিয়ে		
rest	দেওয়া	mono hɔraia dʒæon	
return	বিশ্রাম	zirani	
rice	ফিরে যাওয়া	hirotʒaon	
rice crisps	ভাত	batʃ	5.5, 5.6...
rickshaw	মুরি	muri /koi	
right here	রিকশা	riʃka	8.17
ripe	এখানেই	eihanei	4.6
river	পাকা	fakna	
roam around	নদী	ganʃ	
roast	ঘোরা ফিরা	gurahira	6.18
rooster	রোস্ট	rust	
rose	মোরগ	morga	
rotten	গোলাপ	gulap	
round	পচা	hɔsa	
	গোল	gul	

Rui (carp) fish curry	রুই মাছের তরকারি	ruī maser salun	5.1
Rui fish	রুই মাছ	ruī mas	
ruined	সর্বনাশ	ʃɒbbonaʃ	
sack	ছালা	Hala	
safety	নিরাপত্তা	nirahottta	6.11
salt	লবণ	Nun	
Saturday	শনিবার	ʃonibar	
(you) say	বল	kɒo	5.4
scampi	গলদা চিংড়ি	ɡɒldɑ isa	
school	বিদ্যালয়	iskul	
scold	বকা	bɒha	
sealed road	পাকা রাস্তা	hakka rastɑ	
seat	বসার জায়গা	kaoner zaga	
see	দেখা	d̪æha	
see carefully	দেখে শুনে	d̪eikka ʃuinna	4.14
sell	বিক্রি করা	bætʃon	
selling	বেচে	beitʃtʃa	
sending (I am)	পাঠিয়ে দিচ্ছি	padaya d̪it̪asi	9.2
sense	ভূশ	uʃ	
sheep	ভেড়া	meri	mera
Shing (cat) fish	শিং মাছ	hiŋ mas	8.10
shirt	শার্ট	ʃat	
shop	দোকান	d̪ohan/d̪uhan	4.3,4.14
short	খাটো	huitte	
shrimp	চিংড়ি	ʃisa	
shrimps/prawns	চিংড়ি মাছ	ʃisa mas	8.10
shoes	জুতা	zuʈɑ	4.3
short	খাটো	kado	
show	দেখানো	d̪æhani	
sick	অসুস্থ	roigga	
sister	বোন	boin	
sister-in-law	ভাবি	babi	7.15
sitting room	বসার ঘর	bɒoar/bɒoner ɡɒr	8.14
sky	আকাশ	asman	
sleep	ঘুম	gum	
slim	পাতলা	haʈʈa	
slippery	পিছলা	hisla	
small	ছোট	sudu	
snake	শাপ	hāp	
soap	সাবান	ʃaban	

soap for washing clothes	কাপড় ধোওয়ার সাবান	kahor dponer jaban	3.6,3.9
socks	মোজা	moudʒa	
some day	কোনদিন	kunudʒin	4.15
some/anything	কিছু	kunutʃa/ kisutʃa	1.11,3.7
(who is) speaking?	(কে) বলছেন?	kæla koiʃasuin?	7.1
(I am) speaking	বলছি	koiʃasi	3.1,6.1
sour	টক	sukka	
speaking from	থেকে বলছি	ʃaikka koiʃasi	3.1,6.1
special potato called jam potatoes	জাম আলু	zamguda	8.1
spectacles	চশমা	sɔʃma	
spinach	পালং শাক	halong hag	5.5,5.6
spoon	চামুচ	samis	
stand	দাঁড়ানো	karoia fora	
stand in a queue	লাইনে দাড়িয়ে যাবেন	laine karoia zaibain	6.14
stay	থেকেন	ʃahuin	7.6
stayed back	থেকে গেছি	roia gæsi	4.6
stays	থাকে	ʃahe	2.16
steamer ghat	স্টিমার ঘাট	istimar gat	
stick	পাখা	bisun	
stomach	পেট	hæt	
stomach ache	পেট ব্যথা	hæt bedʒa	
stone	পাথর	hattor	
storm	ঝড়	ʃuhan	
story book	গল্পের বই	gɔffer boi	
straight	সোজা	ʃuza	
strike	হরতাল	hotʃal	
studying with the tutor	মাস্টার সাহেবের কাছে পড়ছে	mastorertʃe fortʃase	8.7
sugar	চিনি	sini	2.6
suitable	উপযুক্ত	ufuzukʃt	6.13
sun	সূর্য	suruz	
Sunday	রবিবার	roubbar	
sweets	মিষ্টি	mida/ mide	8.16
swim	সাঁতার	haʃur	
tail	লেজ	lengur	
taka	টাকা	teha	1.16,2.11...
tall	লম্বা	lamba	
tea	চা	sa	2.5

tell	বলা	kpoa	
thanks	ধন্যবাদ	d̥oinnɔbɑd̥	2.4, 2.15
that	এইটা/তা	heida	
that	তা	heida	
that is all right	ঠিক আছে	tiase	7.18
the day before			
yesterday or the day	পরশুদিন		
after tomorrow		horʃud̥in/horʃʃud̥in	7.2
the food is served	খাওয়া রেডি	kaon barsi	8.1
the food that we will			
have	খাওয়াটা	kaonda	7.17
the mashes	ভর্তা গুলো	bott̥adi	8.13
the tour	ভ্রমণ টা	beranida	10.9
their (belonging to)	তার	hærar	
them	ওদেরকে	hærare	8.7
then	তাহলে	t̥aile	2.3,4.4
they	ওরা	hæra	8.6
thief	চোর	sur	
things	জিনিশ পত্র	ziniʃfat̥i	4.3
throw	ছুঁড়ে মারা	idda mara/milla mara	
Thursday	বৃহস্পতিবার	bijudbar	
ticket	টিকেট	tihet	6.3
ticket chequer	টিকেট চেকার	tihet sehar	6.3
tiger	বাঘ	bag	
tilapia fish	তেলাপিয়া মাছ	t̥elaippa mas	
till	পর্যন্ত	lagat̥	2.16,2.17
time	সময়	ʃomoy	
tips	টিপস	tis/tib	2.14
toast	টোস্ট	tuf	2.5
to be after someone	পিছে পিছে	hise hise	8.12
toes	পায়ের আঙ্গুল	haoer aŋgul	
toilet	টয়লেট	tatti	6.13
tomato	টমেটো	temutu	
tongue	জিহ্বা	zibra	
tooth	দাঁত	d̥at̥	
tree	গাছ	gas	
true(word)	সত্যি	hāsa	
Tuesday	মঙ্গলবার	mongolbar	
turmeric	হলুদ	old̥i	
unsealed road	কাঁচা রাস্তা	kasa raʃta	
upstairs	উপরে	urhe/ufore	6.9
vegetables	শাকসবজি	hag	

very good	খুব ভাল	kub bala	8.13
visit	বেড়াতে যাওয়া	bæranit̪zaon	
wait	অপেক্ষা	ɒfekka	7.8,7.9
walk	হাঁটা	ada	
walking	হেটে	aitta	
washerman	ধোপা	d̪ɒfa	
watch	হাত ঘড়ি	aṭ̪gori	
water	পানি	hani	3.1,3.2...
Wednesday	বুধবার	bud̪bar	
we have reached	এসে পরেছি	aia horsi	10.16
west	পশ্চিম	hot̪t̪jim	
what do you want to buy?	কিনতে চান?	kin̪tain sain	4.2
what?	কি?	kit̪?	3.4,7.17
whatever we shall eat	যা খাব	zeṭ̪a kaiaɱ	7.17
where	যেখানে	zeino	4.3
where are you going>	কোথায় যাচ্ছেন?	koi zait̪asuin?	10.1
where are you staying?	উঠেছেন?	utsuin?	1.7
where have you come from?	কোথা থেকে এসেছেন?	koit̪te aisuin?	1.5
where?	কোথায়?	kunhano?	10.4
will you not sit?	আপনি বসবেন না?	amne boit̪ain ne?	8.4
white	সাদা	ʃaḍ̪a	
who?	কে?	kæla?	7.1
will pay up	দিয়ে দিব	d̪jalbam	2.10
will you arrange to call	আনিয়ে দিবেন?	anaia d̪ibain?	9.1
will you do?	করবেন?	korbain?	3.1
will you eat?	খাবেন?	kaibain?	2.15
will you give	দেবেন?	d̪ibain?	2.9
will you pay?	দিয়ে দেবেন?/ পে করবেন?	d̪jalbain?	5.10
will you send?	পাঠিয়ে দিবেন?	fadaia d̪ibain?	9.1
window	জানালা	kuf/zanala	
with	সঙ্গে	ʃaṭ̪e	2.5,4.5
witnin	মধ্যে	moid̪de	6.19
with it	তার সঙ্গে	hær ʃaṭ̪e	2.5
without	ছারা	sara	10.13
won't he/she/they eat?	খাবে না?	kait̪ona?	8.6
won't you sit?	বসবেন না?	boit̪ain ne?	8.4
working boy	কাজের ছেলে	kamer særain	9.8
yellow	হলুদ	oild̪a	

yes	জি	ho/hæ	10.15, 1.
you	আপনি	anne/amne	1.2,1.5
you (plural)	আপনারা	amnera	2.1,6.7...
you (singular)	তুমি	tumi	
you are coming	তুমি আসছ	tumi aiso	
you are going	তুমি যাচ্ছ	tumi zaitasoga	
you came	তুমি এসেছিলে	tumi aisila	
you come	তুমি আস	tumi ao	
you could eat	খেতে পারেন	kaitain faruin	2.5
you do your shopping	কেনা কাটি করেন	kina kada koruin	4.14
you go	তুমি যাও	tumi zaoga	
you had wanted	চেয়েছিলেন	saisilain	7.12
you have come here to travel	বেড়াতে এসেছেন	bæraitain aisuin	4.12
you have cooked a lot	অনেক রান্না করেছেন	mæla ransuin	8.11
you have paid everything	সব পে করে দিয়েছেন	bæk teha d̥jalsuin	9.7
you have received	পেয়েছেন	faisuin	10.14
you have taken a lot of trouble	কষ্ট করেছেন	kɔfto korsuin	8.11
you keep	রাখ	raho	
you may	পার	faro	5.4
you may do.	পারেন	faruin	3.13,4.4
you may sit	বসতে পারেন	boit̥a faruin	6.9
you may take (respectable form)	নিতে পারেন	nit̥ain faruin	6.18
you may take	নিতে পার	nit̥a faro	5.4
you please chat along	গল্প করেন	gɔffo koruin	
you please eat	খাবেন	kaind̥ʒe	8.10
you please go downstairs	নিচে জান	nise zain	9.5
you please keep	রাখবেন	rakbain	6.3,5.13
you please keep	রাখুন	rahuin	6.8
you please sit	বসেন	bɔhain	2.3,4.17
you please sit	আপনি বসেন।	amne boin	9.11
you went	তুমি গিয়েছিলে	tumi gæsila	
you were coming	তুমি আসছিলে	tumi ait̥asila	
you were going	তুমি যাচ্ছিলে	tumi zait̥asilaga	
you will come	তুমি আসবে	tumi aiba	
you will do	নেবেন	loibain	6.7
you will eat	খাবেন	kaibain	

you will find	পাবেন	haibain	4.4
you will find	পেয়ে যাবেন	faia zaibain	3.2
you will get everything	সব পাবেন	bækt̪a faibain	4.4
you will go	তুমি যাবে	t̪umi zaibaga	
you will not find	পাবেন না	faɪt̪ainne	5.18
you will not have to do	করতে হবে না	k̪ɔron lagd̪ona	7.6
you will please search to find it	খুঁজে নেবেন	kuidʒdʒa loibain	6.7
you will stand	দাঁড়াবেন	karoibain	6.8
your (plural)	আপনাদের	amned̪er/amnerar	6.7,6.11...
your (singular)	আপনার	amner	2.1,2.13...

BLANK PAGE

Part C

কথোপকথনের দশটি দৃশ্য

বাম দিক - বাংলা

ডান দিক - নেত্রকোকোনার ভাষাতে অনুবাদ

নেত্রকোকোনার ভাষাতে ফোনেটিক বাংলা ব্যবহার করে
অনুলিপি করা হয়েছে।

.

দৃশ্য ১ - নেত্রকোনা শহরের রাস্তায়

- ১। আসসালামু আলাইকুম, কেমন আছেন?
- ২। আমি ভাল। আপনি কেমন?
- ৩। আপনার নাম কি?
- ৪। আমার নাম করিম
- ৫। আপনি কোথা থেকে এসেছেন?
- ৬। আমি টাঙ্গাইল থেকে এসেছি।
- ৭। আপনি কোথায় উঠেছেন?
- ৮। আমি হোটেল উত্তরা তে আছি।
- ৯। এখানে কাছে কোনখানে ভালো থাকার জায়গা আছে?
- ১০। হ্যাঁ, পরের রাস্তাতে হোটেল উত্তরা পাবেন।
- ১১। আমি কাছে কোথাও কিছু খেতে পারবো?
- ১২। পাশের রেস্টুরেন্ট এ ভালো খাবার পাবেন।
- ১৩। রিকশাওয়ালা, করিম বাজার যাবেন?
- ১৪। যাব। ওঠেন।
- ১৫। করিম বাজার যেতে কত ভাড়া লাগবে?
- ১৬। করিম বাজার যেতে ২০ টাকা ভাড়া ?
- ১৭। ওখানে যেতে কতক্ষণ লাগবে?
- ১৮। এই ১৫ থেকে ২০ মিনিটে পৌঁছে যাব।

দৃশ্য ১ – নেত্রহুনা শহোরের রাস্তাত

- ১। সালাম আলাইকুম। কিরম আসুইন?
- ২। আমি বালা। আম্লে কিরম?
- ৩। আম্লে নাম কিতা?
- ৪। আমার নাম কোরিম।
- ৫। আম্লে কোইত্তে আইসুইন?
- ৬। আমি টাঙ্গাইলত্ত আইসি।
- ৭। আম্লে কোই উটসুইন?
- ৮। আমি হুটেল কোবিরত আসি।
- ৯। এইনো দারো কুনু বালা তাহোনের যাগা আসে?
- ১০। হ্যাঁ, বাদের রাস্তাডাত হুটেল উত্তুরা হাইবাইন।
- ১১। আমি দারো কুনুহানো কুনুতা কাইতাম ফারবাম?
- ১২। ফাশের রেস্টুরেনে বালা কাওন হাইবাইন।
- ১৩। এইজে রিশকাওয়লা কোরিম বাযার যাইবাইন?
- ১৪। যাইয়াম।উডুইন।
- ১৫। কোরিম বাযার যাইতে কত টেহা লাগবো?
- ১৬। কোরিম বাযার যাইতে বিশ টেহা বারা।
- ১৭। হেইহানো যাইতে কতকান লাগবো?
- ১৮। এই হনরো বিশ মিনিটে হইচ্চা যাইয়াম।

দৃশ্য ২ - হোটেলের রেস্টোঁরায় প্রাতঃরাশ

- ১। সালাম আলাইকুম সার, আপনারা কয়জন? আপনার রুম নাম্বার কত?
- ২। অলাইকুম সালাম। আমি একাই। রুম নাম্বার ৩০৪।
- ৩। তাহলে সার আপনি এই টেবিলে বসেন।
- ৪। ধন্যবাদ। খাবার কি কি আছে?
- ৫। ডিম পাবেন। আলু ও বেগুণ ভাজি, তার সঙ্গে পরাটা, লুচি বা রুটি টোস্ট খেতে পারেন ও চা।
- ৬। আমাকে ডিম, আলু বেগুণ ভাজি ও লুচি দিয়ো। পরে দুধ চিনি ছাড়া রঙ চা দিয়ো।
- ৭। ডিম কয়টা দিব? ডিম কিরকম চান? হাফ বয়েল, ফুল বয়েল, অমলেট না পোঁচ? লুচি কয়টা দিব?
- ৮। আমাকে পেঁয়াজ ও মরিচ দিয়ে দুইটা ডিমের অমলেট দিয়ো। তেল একটু কম দিতে বলবে বাবুর্চিকে। লুচি ৪ টা।
- ৯। সার বিল এখন পে করবেন না একসঙ্গে যাওয়ার সময় দেবেন?
- ১০। এখনি দিয়ে দিব। কত হোল?
- ১১। দুইটা ডিম - ৩০ টাকা। এক বাটি ভাজি - ১০ টাকা। ৪ টা লুচি - ২০ টাকা। এক কাপ চা - ৫ টাকা। সব মিলে ৬৫ টাকা।
- ১২। এই যে নাও ১০০ টাকা।
- ১৩। সার এই যে আপনার ৩৫ টাকা।
- ১৪। এই যে নাও ৫ টাকা টিপস।
- ১৫। ধন্যবাদ সার। আপনি কি দিনে ও রাতে এখানে থাকেন?
- ১৬। দিনে আমি বাইরে খেয়ে নিব। রাতে এখানে খাব। রাতে এই রেস্টুরেন্ট কতক্ষণ পর্যন্ত খোলা থাকে?
- ১৭। রাত এগারটা পর্যন্ত খাবার পাবেন। তবে বেশী দেরিতে আসলে অনেক খাবার শেষ হয়ে যেতে পারে।
- ১৮। ঠিক আছে। আমি আট টার দিকে আসতে চেষ্টা করব।

দৃশ্য ২ - হুটেল রেস্টুরাত শহালের নাস্তা

- ১। সালাম আলাইকুম সার, আমেরা কয়যোন? আমের রুম নাস্তার কতো?
- ২। অলাইকুম সালাম। আমি অ্যাকলাই। রুম নাস্তার তিনশো সাইর।
- ৩। তেইলে সার আমে এই টেবিলটাত বওহাইন।
- ৪। দোইন্যবাদ। কাওন কিতা কিতা আসে?
- ৫। আন্ডা/অ্যান্ডা ফাইবাইন। আলু আর বাইঙ্গল বিরান, হ্যার শাতে ফরোডা, লুসি বা রুডি টুশ কাইতাইন ফারুইন, আর সা।
- ৬। আমারে আন্ডা/অ্যান্ডা, আলু বাইঙ্গল বিরান আর লুসি দেইনজে। ফরে দুদ সিনি সারা রঙ সা দেইনজে।
- ৭। আন্ডা কয়ডা দিয়াম? আন্ডা কিরহোম সাইন? আদা হিদদো, ফুল হিদদো, অমলেট না ফোস? লুসি কয়ডা দিতাম?
- ৮। আমারে হেইগুইয়/হেবাইয় আর মোরিস দিয়া দুইডা আন্ডার অমলেট দেইনজে। তেলডা এট্টু কম দিতাইন কোইবাইন বাবুচ্চিরে। সাইরডা লুসি।
- ৯। সার, বিলডা অ্যাহোন দিবাইন নাকিতা একশাতে যাওনের শমো দিবাইন?
- ১০। অ্যাহোনি দিয়ালবাম। কতো অইলো?
- ১১। দুইডা আন্ডা তিরিশ টেহা, বিরান দশ টেহা, সাইরডে লুসি বিশ টেহা, এক কাপ সা ফাঁস টেহা। ব্যাকতা মিলায়া হয়শাট্টি টেহা।
- ১২। এই যে লও অ্যাকশো টেহা।
- ১৩। সার এই যে আমের হয়তিরিশ টেহা।
- ১৪। এই যে লও হাস টেহা টিস/টিব।
- ১৫। দোইন্যবাদ সার। আমে কি দিনো আর রাইত্ব এইহানেই কাইবাইন?
- ১৬। দিনে আমি বাইরে কাইয়া নিবাম। রাইতে এইহানো কাইয়াম। রাইতে এই রেস্টুরেন কতকান লাগাত কুলা তাহে?
- ১৭। রাইত এগারোডা লাগাত কাওন ফাইবাইন। তবে বেশি দেরিতে আইলে ম্যালা কাওন শেষ অইয়া যাইতো ফারে।
- ১৮। টিক আসে. আমি আটটার শমো আওনের সেশটা হরবাম।

দৃশ্য ৩ - বাইরে যাওয়ার জন্য প্রস্তুতি নেওয়া

- ১। হেলো রিসেপশন। আমি রুম ৩০৪ থেকে বলছি। আমার রুম এ গোসল করার জন্য একবালতি গরম পানির ব্যবস্থা করবেন?
- ২। সার, আমি হাউস কিপিং কে এখনি বলে দিচ্ছি। ১০ মিনিটের মধ্যে গরম পানি পেয়ে যাবেন।
- ৩। সার আপনার গরম পানি এনেছি।
- ৪। ভালো। তোমার নাম কি?
- ৫। আমার নাম শাহীন, সার।
- ৬। আচ্ছা শাহীন। কাপর ধোওয়ার সাবান পাওয়া যাবে?
- ৭। জি সার। আমি এখনি এনে দিচ্ছি। আর কিছু লাগবে সার ?
- ৮। হ্যাঁ, খাবার জন্য এক জাগ পানি দিয়ো।
- ৯। ওকে সার। আমি এখনি কাপর ধোওয়ার সাবান ও খাওয়ার পানি দিয়ে যাচ্ছি।
- ১০। ও আর একটা কথা। আমি বাইরে গেলে ঘরে মশা মারার স্প্রে দেওয়ার ব্যবস্থা কোর।
- ১১। যারা আপনার ঘর পরিষ্কার করবে তারা ঘর পরিষ্কার করার পরে মশা মারার স্প্রে দিয়ে দেবে।
- ১২। (রিসেপশনে) আচ্ছা, আমি বজরা গান্ধী আশ্রম এ কেমন করে যাব?
- ১৩। আপনি হোটেলের সামনে থেকে একটা ইজি বাইক নিতে পারেন। পাঞ্চ টাকা লাগবে।
- ১৪। (ইজি বাইককে) আমি রয়্যাল বাড়ির দুর্গ এ নামবো।
- ১৫। এই যে সার, রয়্যাল বাড়ির দুর্গতে এসে গেছি।
- ১৬। ধন্যবাদ। এই যে আপনার ভাড়া।

দৃশ্য ৩ – বাইরে যাওয়ার লাইগ্যা রেডি অণ্ডন

- ১। হ্যালো রিসিপশান। আমি রুম তিনশো সাইর তে কোইতাসি। আমার রুমো গুসুল করার লাইগ্যা অ্যাক বালতি গরোম হানির ব্যবস্তা কোরবাইন?
- ২। সার, আমি হাউস কিপিং রে অ্যাহোনি কোইয়া দিতাসি, দশ মিনিডের মোইদে গরোম হানি ফাইয়া যাইবাইন।
- ৩। সার আমের গরোম হানি আনসি।
- ৪। বালা। তোমার নাম কিতা?
- ৫। আমার নাম শাহীন, সার।
- ৬। আইচ্চা শাহীন। কাহোর দণ্ডনের শাবান হাওন যাইবো?
- ৭। জি সার। আমি অ্যাহোনি আইন্যা দিতাসি। আর কিসুতা লাগবো, সার?
- ৮। হ্যাঁ। কাওনের লাইগ্যা অ্যাক যগ হানি দিয়ো।
- ৯। আইচ্চা সার। আমি অ্যাহোনি কাহোর দণ্ডনের শাবান আর কাওনের হানি দিয়া যাইতাসি।
- ১০। ও আর এট্টা কতা। আমি বাইরে যাইলে গরো মশা মারোনের ইস্প্রে দ্যাওনের ব্যবস্তা কোইরো।
- ১১। যারা আমের গর শাফ করবো তারা গর শাফ করোনের ফরে মশা মারোনের ইস্প্রে দিয়া দিবো।
- ১২। (রিসেপশনে) আইচ্চা আমি রোয়াইল বাড়ির দূর্গত এইহানো কিবা যাইয়াম?
- ১৩। আমে হুডেলের শামনেত্তে একটা ইষি বাইক নিতাইন ফারুইন। হাস টেহা লাগবো। ১৪। (ইষি বাইক কে) আমি রোয়াইল বাড়ির দূর্গত নামবাম।
- ১৫। এই যে সার, রোয়াইল বাড়ির দূর্গত আইয়া ফোরসি।
- ১৬। দোইন্যবাদ। এই যে আমের বারা।

দৃশ্য ৪ - নেত্রকোনা শহরে কেনাকাটা করা

১। ভাই, এখান থেকে মার্কেট কত দূরে হবে?

২। আপনি কি কিনতে চান?

৩। এই কাপড় চোপড়, জুতা, চপ্পল, এখানকার বিশেষ জিনিশ পত্র, ইত্যাদি। বইয়ের দোকান - যেখানে বই ও আঞ্চলিক গানের CD পাওয়া যায় সেখানেও যেতে চাই।

৪। ও তাহলে আপনি বড় বাজারে যান। ওখানে সব পাবেন। এখানকার বালিশ মিষ্টি খুব প্রসিদ্ধ। আপনি এই রাস্তার মোড় থেকে একটা ইজি বাইক নিতে পারেন। ভাড়া ২০ টাকা হবে। ও আচ্ছা। আমি ওদিকেই যাব। আমার সঙ্গে চলেন।

৫। ও তাহলে তো ভালই। চলুন। আমি আপনার সঙ্গে আছি। আপনি কি নেত্রকোনার?

৬। জি না আমার বাড়ী পাবনা। আমি এখানে বছর তিন আগে ব্যবসা করতে এসে এখানেই থেকে গেছি। বিয়ে ও করেছি এখানে। আপনার বাড়ী কোথায়? আপনি কি করেন?

৭। আমার বাড়ি টাঙ্গাইল। আমি তৃতীয় বর্ষের ইংরেজি স্নাতকের ছাত্র। অনেক দিন ছুটি পেয়ে ভাবলাম একটু ঘুরে আসি।

৮। ভাল করেছেন। আশা করি এইখানে ভাল লাগছে। এখন এখানে ঘোরার জন্য আবহাওয়াটা খুব ভাল। গরম ও না, ঠাণ্ডাও না। একটু আধটু বৃষ্টি পরে। তাতে চলতে ফিরতে বেশী অসুবিধা হয় না। হাতে একটা ছাতি থাকলেই চলে।

৯। ভাল কথা মনে করিয়ে দিয়েছেন। মার্কেট এ একটা ছাতি কিনে নেব।

১০। এই যে আমরা বড় বাজারে এসে গেছি। আমরা এখানে নামবো। আমি আপনার ভাড়াটা দিয়ে দিয়েছি।

১১। না না তা কি করে হয়?

১২। আরে আপনি তো আমাদের অতিথি, আমাদের নেত্রকোনাতে বেড়াতে এসেছেন। আর আপনি এখনও ছাত্র।

১৩। অনেক ধন্যবাদ।

১৪। আপনি দুই দিকে সব দোকান দেখছেন। আপনি দেখে শুনে কেনা কাটি করেন। আমি এখন আপনার থেকে বিদায় নেব। আপনার সাথে পরিচয় হয়ে খুব ভাল লাগল। এই যে আমার কার্ড। তাতে আমার নাম, ঠিকানা ও মোবাইল নাম্বার আছে। আপনার কোন অসুবিধা হলে আমাকে যোগাযোগ করতে পারেন। আল্লাহ হাফেজ।

১৫। আল্লাহ হাফেজ। আপনার সাহায্যর জন্য অনেক ধন্যবাদ। আবার কোনদিন দেখা হবে আশা করি। আমার নাম তানিম। আমার মোবাইল নাম্বার হোল ০১৯৫১১১১১১। টাঙ্গাইলে আসলে যোগাযোগ করেন।

১৬। (বইয়ের দোকানে) এখানে এই অঞ্চলের নাম করা গায়ক/গায়িকার বা ব্যাল্ড এর গানের CD পাওয়া যাবে?

১৭। নিশ্চয় পাবেন। আসেন বসেন। ও কিছু CD শুনে পছন্দ করেন।

১৮। আমি এই চার টা CD নেবো। এই যে নেন ২০০ টাকা। এখানে বাটা বা অন্য ভাল জুতার দোকান আছে?

১৯। ওই তিন দোকান পরেই BATA পাবেন।

২০। (বাটার দোকানে) এই হেলথ স্যান্ডেল কোথায় তৈরি?

২১। এটা বাংলাদেশেই তৈরি। মাত্র ২৫০ টাকা।

২২। ওই একটা ছাতি ও দিয়ে দিন। বাস্তু তে এই CD গুলো ভরে দিন। এই যে নিন ৩৫০ (কথায়) টাকা।

দৃশ্য ৪ - নেত্রহুনা শহরো কিনাকাডা করোন

- ১। বাই, এইহানতো বাঘার কত্তানি দুরা?
- ২। আম্নে কিতা কিনতাইন সাইন?
- ৩। এই কাহোর সুহর, যুতা, চপ্পল, এইহানকার বিশেষ যিনিশ্ফাতি, এইতাই/আরো কতোতা। বোইয়ের দোহান-যেইনো বোই আর আনসোলিক গানের সিডি হাওন যায় হেইনোও যাইতাম সাই।
- ৪। ও তাইলে আম্নে বরো বাঘারের দিগে যাইন। ওইহানে ব্যাকতা ফাইবাইন। এইহানকার বালিশ মিষ্টি বিশাল নামকরা। আম্নে এই রাস্তার মুরতে অ্যাকটা রিশকা নিতা ফারুইন। বারা বিশ টেহা। ও আইচ্চা আমিও ওইদিগেই যাইয়াম। আমার শাতে সোলুইন।
- ৫। ও তাইলে তো বলাই। সোলুইন। আমি আম্নের শাতে আই। আম্নে কি নেত্রহোনাই?
- ৬। যি না। আমার বারি পাবনা। আমি এইহানো বসোর তিনেক আগে ব্যাফসা করাত আইয়া এইহানেই রোইয়া গেসি। বিয়াও কোরসি এইহানে। আম্নের বারি কোই? আম্নে কি কোরুইন?
- ৭। আমার বারি টাঙ্গাইল। আমি তৃতীয় বর্ষের ইংরেযি স্নাতকের সাত্র। ম্যালাদিন সুডি ফাইয়া বাবলাম একটু গুইরা আই।
- ৮। বালা কোরসুইন। আশা কোরি এইহানো বালা লাগতাসে। অ্যাহোন এইহানো গুরার লাইগ্যা আবহাওয়াডা কুব বালা। গরোমও না, টান্ডাও না। ইকটু আড্ডু ম্যাগ ফড়ে। তাতে সলাত ফিরাত বেশি অশুবিদা অয়না। আতো অ্যাকটা সাতি তাকলেই সলে।
- ৯। বালা কতা মনো করায়্য দিসুইন। মার্কেট তো অ্যাকটা সাতি কিন্যে/কিন্যা নিয়াম।
- ১০। এই যে আমরা বরোবাঘার আইয়া ফোরসি। আমরা এইনে নামবাম। আমি আম্নের বারাডা দিয়ালসি।
- ১১। না না তা কি কোইরা অয়?
- ১২। আরে আম্নে তো আমার মমান। আমার নেত্রহুনা বেড়াইতাইন আইসুইন। আর আম্নে অ্যাহনো সাত্র।
- ১৩। অনেক দোইন্যবাদ।
- ১৪। আম্নে দুইদিগে ব্যাক দোহান দেকসুইন। আম্নে দেইক্লা শুইন্যা কিনা কাডা কোরুইন। আমি অ্যাহোন আম্নের তাইক্লা বিদায় নিয়াম। আম্নের শাতে সিনা অইয়া ম্যালা বালা লাগলো। এই যে আমার কাট। এইডাত আমার নাম, টিহানা আর মোবাইল নাম্বার আসে। আম্নের কুনু অশুবিদা অইলে আমার শাতে যুগাযুগ কোরতে ফারবাইন। আল্লাহ হাফেয।
- ১৫। আল্লাহ হাফেয। আম্নের শাহাজ্জের লাইজ্জা অনেক দোইন্যবাদ। আবার কুনুদিন দ্যাহা অইবো আশা কোরি। আমার নাম তানিম। আমার মোবাইল নাম্বার অইলো ০১৯৫১১১১১১। টাঙ্গাইলে আইলে যুগাযুগ কোরবাইন।
- ১৬। (বইয়ের দোকানে) এইহানো বারি সিদ্দিকীর গানের সিডি ফাওন যাইবো?
- ১৭। নিশ্চয় ফাইবাইন। আইন বওহাইন। কিসু সিডি হুইন্যা ফসোন্দ কোরহাইন।
- ১৮। আমি এই সাইরডা সিডি নিয়াম। এইযে নেইন দুইশো টেহা। এইহানো বাটা বা অন্য বালা যুতার দুহান আসে?
- ১৯। ওই তিন দুহান ফরেই বাটা ফাইবাইন।
- ২০। (বাটার দোকানে) এই হেলত স্যান্ডেল কোই বানাইন?
- ২১। এইডি বাংলাদেশেই বানানি। মাত্র আড়াইশো টেহা।
- ২২। ওই অ্যাকটা সাতি ও দেইনজে। বাক্সডাত এই সিডিডি বোইরে দেইনজে। এইযে নেইন, ব্যাকতা মিলায়া তিনশো হঞ্চাশ টেহা।

দৃশ্য ৫ - হোটেল রেস্তোরাঁয় রাতের খাবার খাওয়া

- ১। সালাম আলাইকুম সার, আপনি ঠিক সময় এসে পরেছেন। সব খাবার পাবেন। এখানে বসেন।
- ২। ওয়ালাইকুম আসসালাম। একটু পরে এসে অর্ডার নিও। আমি প্রথমে একটু হাত মুখ ধুইয়ে নেই।
- ৩। ঠিক আছে সার। আপনি তৈরি হলে আমাকে ডাক দিবেন।
- ৪। এই যে কলিমুদ্দিন। এখন অর্ডার নিতে পার। বল, কি কি আছে?
- ৫। সার, ভাত খাবেন না রুটি খাবেন? ভাতের সাথে পালং শাক, সরপুটী মাছ ভাজা ও চাষ করা কই মাছের তরকারি খেতে পারেন। রুটি খেলে আলু ভাজি দিয়ে শুরু করতে পারেন, ওর পরে দেশি মুরগির বা গরুর গোস্তর তরকারি নিতে পারেন। ডাল পাবেন।
- ৬। আমাকে এক প্লেট ভাত ও এক বাটি ডাল দিও। পালং শাক, একটা সরপুটী মাছ ভাজা ও একটা কই মাছের তরকারি। খাওয়ার পরে কি মিষ্টি দিতে পারবে?
- ৭। সার, দই ও বালিশ মিষ্টি পাবেন।
- ৮। ঠিক আছে। আমাকে দই দিও।
- ৯। এই যে সার, আপনার ভাত, ডাল ও পালং শাক। আমি মাছ দুটা পরে নিয়ে আসছি।
- ১০। (কিছুক্ষণ পরে) এই যে সরপুটী মাছ ভাজা ও কই মাছের তরকারি। (কিছুক্ষণ পরে) এই যে সার আপনার মিষ্টি দই। বিল এখন পে করবেন সার?
- ১১। হ্যাঁ। কত হোল?
- ১২। ভাত - ২০ টাকা। ডাল - ১৫ টাকা। পালং শাক - ১০ টাকা। সরপুটী মাছ ভাজা - ৫০ টাকা, কই মাছের তরকারি - ৬০ টাকা। এবং মিষ্টি দৈ - ২০ টাকা। সব মিলে ১৫৫ টাকা স্যার।
- ১৩। এই যে নাও ২০০ টাকা।
- ১৪। এই যে সার আপনার ৪৫ টাকা ভাঙটি।
- ১৫। এই যে নাও ১০ টাকা টিপস।
- ১৬। ধন্যবাদ স্যার। কালকে সকালে নাস্তা খাবেন?
- ১৭। হ্যাঁ। তবে সকাল সকাল বাইরে যেতে চাই। তোমাদের রেস্টুরেন্ট কয়টায় খোলে?
- ১৮। রেস্টুরেন্ট সকাল ছয়টায় খোলে। তবে কালকে আমাকে পাবেন না। রহিম থাকবে।
- ১৯। ঠিক আছে। আমি সাতটার দিকে আসব।
- ২০। ওকে সার, সালাম আলাইকুম।

দৃশ্য ৫ - হুটেল রেস্টুরাত রাইতের কাওন দাওন

- ১। সালাম আলাইকুম সার, আন্নে টিক শমো আইয়া পোরসুইন। ব্যাক কাওন ফাইবাইন। এইহানো বওহাইন।
- ২। ওয়ালাইকুম আসসালাম। ইকটু হরে আইয়া অডার নিও। আমি হয়লা ইকটু আত মুক দৈয়া লোই।
- ৩। টিক আসে সার। আন্নে তৈরি অইলে আমারে ডাক দেইনজে।
- ৪। এই যে কোলিমুদ্দিন। অ্যাহন অডার নিতা ফারো। কও কিতা কিতা আসে।
- ৫। সার বাত কাইবাইন না রুডি কাইবাইন? বাতের শাতে হালোঙ্গ হাগ, শরফুডি/শরহুডি, মাসোর বিরান আর সাশ করা কোই মাসের সালুন কাইতে ফারুইন। রুডি কাইলে আনু বাঘি দে গুরু করতা ফারুইন। হ্যার হরে দেশি মুরগির বা গুরুর গুস্তুর সালুন নিতা ফারবাইন। ডাইলও ফাইবাইন।
- ৬। আমারে এক তাল বাত আর এক বাড়ি ডাইল দিও। হালোঙ্গ হাগ, একটা শরফুডি/শরহুডি মাস বিরান আর একটা কোই মাসের সালুন। কাওনের ফরে কি মিডা কিসু দিতা ফারবা?
- ৭। সার, দৈ আর বালিশ মিডা ফাইবাইন।
- ৮। আইচা তে। আমারে দৈ দিও।
- ৯। এই যে সার আন্নের বাত, ডাইল আর হালোঙ্গ হাগ। আমি মাস দুইডা ফরে লোইয়া আইতাসি।
- ১০। (কিছুক্ষণ পর) এই যে নেইন শরফুডি বিরান আর কোই মাসের সালুন। (কিছুক্ষণ পর) এই যে সার আন্নের মিডা দৈ। বিল অ্যাহনি দিয়ালবাইন, সার?
- ১১। হ্যা। কতো অইসে?
- ১২। বাত বিশ টেহা, ডাইল হনরো টেহা, হালোঙ্গ হাগ দশ টেহা, শরফুডি বিরান তিরিশ টেহা, কোই মাসের সালুন শাইট টেহা, মিডা দৈ বিশ টেহা। ব্যাকতা মিলায়া একশো হঞ্চান টেহা সার।
- ১৩। এই যে লও দুইশো টেহা।
- ১৪। এই যে সার আন্নের হয়তাল্লিশ টেহা বাংতি।
- ১৫। এই যে লও দশ টেহা বোকশিশ।
- ১৬। দৈন্যবাদ স্যর। কাইলকে বেইন্নেবেলা/শহালে নাস্তা কাইবাইন?
- ১৭। হ্যা। তবে শহাল শহাল বাইরে যাইতাম সাই। তোমরার রেস্টুরেন কয়ডায় কুলে?
- ১৮। রেস্টুরেন শহাল সয়ডায় কুলে। তবে কাইলকে আমারে ফাইতাইন নে। রোহিম তাকবো।
- ১৯। আইচাতে। আমি শাতটার দিগেই আইবাম।
- ২০। আইচা সার। সালাম আলাইকুম।

দৃশ্য ৬ - লঞ্চ ভ্রমণে যাওয়া

- ১। সালাম আলাইকুম সার, আমি রিসেপশন থেকে বলছি। আপনার বাস এসে গেছে।
- ২। ধন্যবাদ। আমি দুই মিনিটে আসছি।
- ৩। (বাস গাইড) সালাম আলাইকুম সার, আপনার রশিদটা দেখি? এই যে আপনার বাসের দুইটা টিকিট - এটা যাওয়ার ও এটা ফেরার। আর এটা লঞ্চের টিকেট। এগুলো সব সময় আপনার সঙ্গে রাখবেন ও টিকেট চেকার চাইলে দিবেন।
- ৪। (বাস কন্ডাকটর) দেখি আপনার টিকিট? 3A, আপনার সিট তিন নম্বার রোতে। বাঁ দিকে জানালার সংগে।
- ৫। (পাসেনজারকে) একটু আমাকে ভিতরে যেতে দিবেন? ধন্যবাদ।
- ৬। (মাইক্রোফোনে গাইড) আমরা হোটেল কবির থেকে আর চার জন প্যাসেঞ্জার তুলে তারপরে মোহনগঞ্জ লঞ্চ ঘাটে যাব।
- ৭। (বাস হোটেল হোটেল কবির থেকে আর চার জন প্যাসেঞ্জার তোলার পরে) আমরা এখন পনের মিনিটে লঞ্চ ঘাটে পৌঁছব। আপনারা নামার সময় আপনাদের সব জিনিস বাস থেকে নিয়ে নামবেন। আমাদের বাসের নম্বর CCC ১২৪। বাস স্ট্যান্ড এ পার্ক করা থাকবে। আপনারা ফেরার সময় নম্বর দেখে বাস খুঁজে নেবেন।
- ৮। (লঞ্চ ঘাটে) আপনারা সবাই টিকেট হাতে রাখুন। প্রথম শ্রেণীর প্যাসেঞ্জাররা লাইনে আগে দাঁড়াবেন। দ্বিতীয় শ্রেণীর প্যাসেঞ্জাররা তাদের পেছনে দাঁড়াবেন।
- ৯। প্রথম শ্রেণীর প্যাসেঞ্জাররা সিঁড়ি দিয়ে উপরে যাবেন ও আপনারা সিট নম্বার দেখে বসবেন। দ্বিতীয় শ্রেণীর প্যাসেঞ্জাররা আপনারা এক তলায় যে কোন জায়গায় বসতে পারেন।
- ১০। (10:30 লাউড স্পিকারে) হেলো আমি লঞ্চের ক্যাপটেইন বলছি। ৫ মিনি মিনিটের মধ্যে আমাদের লঞ্চ ছাড়বে।
- ১১। আপনাদের সুবিধার ও নিরাপত্তার জন্য কিছু বলছি। এই লঞ্চ সম্পূর্ণ ধূমপান মুক্ত। এখানে মদ্য পান ও নিষিদ্ধ।
- ১২। লঞ্চ পরিষ্কার রাখার জন্য সব রকম ময়লা নির্দিষ্ট বিনে ফেলবেন। ফ্লোরে কিছু ফেলবেন না।
- ১৩। লঞ্চের পিছনে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা টয়লেট পাবেন। টয়লেট ব্যবহার করার পরে ওটা অন্যদের ব্যবহার করার উপযুক্ত করে রাখবেন।
- ১৪। আপনাদের সিটের নিচে লাইফ জ্যাকেট পাবেন। কোন জরুরি অবস্থা হলে আমরা announce করব। তখন আপনাদের নিজস্ব সিটের নিচ থেকে লাইফ জ্যাকেট বের করে পরে নিবেন ও আপনার কাছের একটা নৌকায় ওঠার জন্য লাইনে দাড়িয়ে যাবেন। তাড়াহুড়া করবেন না।
- ১৫। আপনাদের কোন প্রশ্ন বা দরকার থাকলে লঞ্চের attendant কে জিজ্ঞেস করবেন।
- ১৬। আমরা দুই ঘণ্টা চলার পর খাইল্যেজুড়ি পৌঁছব।
- ১৭। (12:30 pm) এই যে আমরা খাইল্যেজুড়ি পৌঁছে গেছি। আপনারা লাইন করে আসতে আসতে নামুন। শিশু ও বয়স্কদের আগে নামতে দিন।
- ১৮। আপনারা এখানে দেড় ঘণ্টা নিজের মত ঘোড়া ফিরা করতে পারেন। ও এখানে কোন রেস্টুরেন্টে লাঞ্চ করে নিতে পারেন। ২ টার আগে লঞ্চ ফিরে আসবেন। আমরা ঠিক দুইটার সময় ফেরার জন্য স্টার্ট করব।
- ১৯। (2:00 pm) আমরা এখন মোহনগঞ্জ এ ফিরে যাব। ২ ঘণ্টা নাগাদে পৌঁছে যাব। আশা করি খাইল্যেজুড়ি আপনাদের ভাল লেগেছে।
- ২০। (4 pm) এই যে আমরা মোহনগঞ্জ এসে গেছি। আপনারা নেমে আপনাদের নিজ নিজ বাস খুঁজে নিয়ন। আশা করি লঞ্চ সার্ভিস ভাল লেগেছে ও ভবিষ্যতে আবার আমাদের সঙ্গে ভ্রমণ করবেন।

দৃশ্য ৬ - লনসো কইরা বেরানিত যাওন

- ১। সালাম আলাইকুম সার, আমি রিসিপশান তাইক্যে কোইতাসি। আমের/আমের বাস আইয়া ফরসে।
- ২। দৈন্যবাদ। আমি দুই মিনিডে আইতাসি।
- ৩। (Bus Guide) সালাম আলাইকুম স্যর। আমের/আমের টেহা দেওনের রোশিদডা দেহি? এইযে আমের/আমের বাসের দুইডা টিহেট। এইডা যাওনের আর এইডা ফিরোনের। আর এইডা লন্সের টিহেট। এইডি হজ্তল শমো আমের শাতে রাকবাইন আর টিহেট চেহার সাইলে দিবাইন।
- ৪। (Bus Conductor) দেহি আমের/আমের টিহেট? তিনের এ। আমের/আমের সিট তিন নাম্বার শারিত। বামদিগে যানলার শাতে।
- ৫। (To passenger) ইকটু আমারে বিত্রে যাইতে দিবাইন? দৈন্যবাদ।
- ৬। (Bus Guide) আমরা কোবির হুডেলতে আর সাইরযোন ফ্যাসেঞ্জার/হ্যাসেঞ্জার লোইয়া হ্যার ফরে মুহনগন্স লন্স গাডে যাইয়াম।
- ৭। আমরা অহোন হনরো মিনিডে গাডো হসবাম। আমেরা/আমেরা নামোনের শমো আমেদের/আমেরার ব্যাক জিনিশ বাসতে লোইয়া নামবাইন। আমরা বাসের নাম্বার CCC ১২৪। বাস স্টেনো ফার্ক করা তাকবো। আমেরা/আমেরা হিরনের শমো নাম্বার দেইক্যা বাস কুইজ্জা লোইবাইন।
- ৮। আমেরা ব্যাহেই/হজ্তলেই টিহেট আতো রাহুইন। ফয়লা স্ত্রেনির ফ্যাসেঞ্জাররা/হ্যাসেঞ্জাররা লাইনো আগে কারোইবাইন। দিতিও স্ত্রেনির ফ্যাসেঞ্জাররা হ্যারার হিসইন্দে কারোইবাইন।
- ৯। ফয়লা স্ত্রেনির ফ্যাসেঞ্জাররা শিরিদে উরহে/উফরে যাইবাইন আর আমেরা সিট নাম্বার দেইক্যা বোইবাইন। দিতিও স্ত্রেনির ফ্যাসেঞ্জাররা আমেরা অ্যাক তালাত যেকুনু যাগাত বোইতা ফারুইন।
- ১০। (10:30 am from launch loudspeaker) হেলো আমি লন্সের কোপ্টিন কোইতাসি। ফাস মিনিডের মোইদে আমরা লন্স সারবো।
- ১১। আমেরার শুবিদা আর নিরাহত্তার লাইগ্যা কিসু কোইতাসি। এই লন্স শোম্পুন দুমফান মুক্ত। এইহানো মদ কাওনও নিশেদ।
- ১২। লন্স সাফ রাহার লাইগ্যা ব্যাক ময়লা নিদিষ্ট বিনে ফালাইবাইন। ফোলোরডাত কিসু হালাইমাজে।
- ১৩। লন্সের হিসন্দে ব্যাডাইন আর বেইট্টেইনের লাইগ্যে/লাইগ্যা আলাদা টাট্টি ফাইবাইন। টাট্টি ব্যবহার কোইরা ফরে অন্য মাইনশের ব্যবহার উফুযুক্ত/উহুযুক্ত কোইরা রাকবাইন।
- ১৪। আমেরার সিডের নিসে লাইফ জ্যাকেট ফাইবাইন। কুনু যোরুরি অবস্তা অইলে আমরা গুশোনা কোরবাম। তহোন আমেরার নিযেরার সিডের নিস তাইক্যা লাইফ জ্যাকেট বাইর কোইরা ফোইরা নিবাইন আর আমের কাসের অ্যাকটা নৌকাত উডার লাইগ্যা লাইনে কারোইয়া যাইবাইন। তারাহুরা কোরবাইন না।
- ১৫। আমেরার কুনু ফোশ বা দরহার তাকলে লন্সের লুকটিরে যিগাইবাইন।
- ১৬। আমরা দুই গন্টা সলার ফরে কাইল্লায়ুরি হসবাম।
- ১৭। (১২:৩০) এই যে আমরা কাইল্লায়ুরি হোইচ্চা গ্যাসি। আমেরা লাইন কোইরা আস্তে আস্তে নামুইন। আবুদুব আর বুইডাদের আগে নামতে দেইন।
- ১৮। আমেরা এইনো দের গন্টা নিযের মতো গুরাহিরা করতে ফারুইন। ও এইহানে কুনু রেস্টুরেনো দুহরের কাওন কাইয়া নিতা ফারুইন। দুইডার আগেই লন্সে ফিইরো/হিইরা আইবাইন। আমরা টিক দুইডার শমো হিরোনের লাইগ্যা শুরু কোরবাম।
- ১৯। (২:০০) আমরা অহোন মুহনগন্স ফিইর্যা যাইয়াম। দুই গোনটার মোইদ্যে হোইচ্চা যাইয়াম। আশা কোরি কাইল্লায়ুরি আমেরার বালা লাগযে।
- ২০। (৪:০০) এই যে আমরা মুহনগন্স আইয়া ফোরসি। আমেরা নাইম্যে/নাইম্যা আমেদের নিয নিয বাস কুইজ্জা লোইন। আশা কোরি লন্স সার্ভিস বালা লাগযে আর ববিষ্যতে আবার আমরা শাতে বেড়াইবাইন।

দৃশ্য ৭- স্থানীয় একটি বাড়িতে খাবার নিমন্ত্রণ

- ১। (মোবাইল ringing) হেলো আমি তানিম বলছি। আপনি কে বলছেন?
- ২। হেলো তানিম আমি হেলাল বলছি। গত পরশুদিন আপনার সঙ্গে রাস্তায় দেখা হয়েছিল। মনে আছে?
- ৩। জি সালাম আলাইকুম। জি নিশ্চয় মনে আছে। বলেন।
- ৪। ওয়ালাইকুম আসসালাম। আপ্পি কি রাতে ফ্রি আছেন? তাহলে আমাদের সঙ্গে একটু ডাল ভাত খেতেন।
- ৫। জি এখনো কোন প্রোগ্রাম করি নাই। আপনার ঠিকানা দিন ও বলেন কয়টার সময় আসবো। আমি চলে আসবো
- ৬। তা করতে হবে না। আপনি ৬ টায় তৈরি থেকেন। আমি অফিস থেকে ফেরার পথে আপনাকে হোটেল থেকে তুলে নিব।
- ৭। ঠিক আছে। আমি আপনার জন্য অপেক্ষা করব।
- ৮। (at six to হোটেল রিসেপশান)। আপনি ৩০৪ নাম্বার এ তানিম সাহেবকে খবর দিন যে আমি আনিসুর রাহমান উনার জন্য নিচে অপেক্ষা করছি।
- ৯। হেলো রুম ৩০৪। আমি রিসেপশান থেকে বলছি। আপনার জন্য আনিসুর রাহমান সাহেব অপেক্ষা করছেন।
- ১০। ধন্যবাদ। আমি এখনি আসছি।
- ১১। (at reception shaking hands) এই যে তানিম সাহেব কেমন আছেন? চলুন, বাইরে CNG অপেক্ষা করছে।
- ১২। সেদিন শপিং কেমন হোল? যা যা কিনতে চেয়েছিলেন তা পেয়েছিলেন?
- ১৩। জি। বারি সিদ্দিকির চারটা সিডি কিনেছি। বাটা থেকে এক জোড়া হেলথ স্যান্ডেল কিনেছি। আর কিছু টুকি টাকি।
- ১৪। ভাল। আমার বাসা এখান থেকে খুব কাছে। এই দশ মিনিটে পৌঁছে যাবো।
- ১৫। (at the entrance door) এই যে আমরা পৌঁছে গেছি। আসুন। এইযে আপনার ভাবি। আর এটা আমার বড় ছেলে।
- ১৬। আসসালামু আলাইকুম ভাবি। আপনার শুধু শুধু আমার জন্য কষ্ট করতে হল।
- ১৭। আরে কষ্ট আর কি? আমরা যা খাব, তাই আপনি খাবেন। তবে খাওয়াটা রেস্টুরেন্ট এর থেকে একটু ভিন্ন। এখানে আঞ্চলিক ঘরোয়া খাবার পাবেন। আসেন এখানে বসেন ও গল্প করেন। আমি রান্না ঘরে একটু দেখে আসি।
- ১৮। জি ঠিক আছে।

দৃশ্য ৭ - এলাহার অ্যাকটা বারিত রাইতের কাওনের দাওত

- ১। হেলো আমি তানিম কোইতাসি। আমনে ক্যালা কোইতাসুইন?
- ২। হেলো তানিম, আমি হেলাল কোইতাসি। গ্যাসে হোরশুদিন/হোশুশুদিন আমনের শাতে রাস্তাত দ্যাহা আইসিল মনো আসে?
- ৩। যি সালাম আলাইকুম। নিশ্চই মনো আসে। কোইন কি কোইবাইন।
- ৪। ওয়ালাইকুম আসসালাম। আমনে কি রাইতে ফিরি আসুইন? তেইলে আমরার শাতে ইকটু ডাইল বাত কাইতাইন।
- ৫। হ, এহনো কুনুতা ফ্রগ্রাম/বাউ কোরিনাই। আমনের টিহানা দেইন আর কোইন কুশ্বালা আইতাম? আমি আইয়া ফরাম।
- ৬। হেইডা করোন লাগদোনা। আমনে সয়ডার শমোয় বাউ তাহুইনজে। আমি অফিসতো ফিরোনের ফতে আমনেরে ছুডেলতে তুইল্যা নিয়াম।
- ৭। আইছে/আইচ্চা। আমি আমনের লাইগে অফেক্কা করাম।
- ৮। (৬ টায়,হোটেল রিসিপশন) আমনে তিনশো সাইর নাম্বার এ তানিম শাইবরে কবোর দেইনজে আমি আনিসুর রাহমান হাইলার লাইগে নিসে অফেক্কা কোরতাসি।
- ৯। হেলো রুম তিনশো সাইর। আমি রিসিপশান তাইক্যা কোইতাসি। আমনের লাইগে আনিসুর রহমান শাইব অফেক্কা কোরতাসেন।
- ১০। দোইন্যবাদ। আমি অ্যাহোনি আইতাসি।
- ১১। এই যে তানিম শাইব কিরম আসুইন? লোইন, বাইরে সিএনযি অফেক্কা কোরতাসে।
- ১২। হেইদিন শফিঃ কিরম আইলো? যেডি যেডি কিনতা সাইসিলাইন হেইডি ফাইসিলাইন/হাইসিলাইন?
- ১৩। হ। আমি বারি সিদ্দিকির সাইরডে সিডি কিনসিলাম। বাটা তাইক্কে এক যুরা হেলত স্যাডেল কিনসি। আর কিসুতা টুকটাক।
- ১৪। বাল। আমার বাসা এইহানতো কুব দারো। এই দশ মিনিডে হইছে/হইচ্চা যাইয়াম।
- ১৫। এই যে আমরা হইচ্চা গ্যাসি। আইন। এই যে আমনের বাবি। আর এইডা আমার বরো স্যারা।
- ১৬। আসসালামু আলাইকুম বাবি। আমনের হুদাই আমার লাইগে কশটো করোন লাগতাসে।
- ১৭। আরে কশটো আর কিতা? আমরা যেতা কাইয়াম, আমনেও হেইতাই কাইবাইন। তবে কাওনডা রেস্টুরেন তাইক্যা ইকটু অন্য রহোম। এইনো আনসোলিক গোরুয়া কাওন ফাইবাইন। আইন এইনো বোইন আর গফফো কোরুইন। আমি হাকগরে ইকটু দেইক্যা আই।
- ১৮। আইছে/আইচ্চা টিআসে/টিকাসে।

দৃশ্য ৮ - নেত্রকোনায় একটি বাড়ির রান্না উপভোগ করা

- ১। (মহিলা) খাওয়া রেডি। আপনারা হাত ধুইয়ে খাওয়ার ঘড়ে খেতে আসুন।
২। (আনিসুর রাহমান) আসুন। বাথরুমে হাত ধুইয়ে নিন। ওখানে সাবান ও তয়লা পাবেন।
৩। (মহিলা - খাওয়ার ঘড়ে) আসেন তানিম সাহেব। আপনি এখানে বসেন। আনিস সাহেব ওখানে বসবেন।
৪। ভাবি, আমাকে নাম ধরে ডাকবেন। আপনি বসবেন না?
৫। জি না। আমি পরে খাব।
৬। আপনাদের ছেলে মেয়েরা খাবে না?
৭। ওদেরকে খাইয়ে দিয়েছি। ওরা এখন মাস্টার সাহেবের কাছে পড়ছে।
৮। ওরা কোন ক্লাসে পড়ে?
৯। ছেলে এবার হাই স্কুলে ক্লাস সিক্স এ পড়ে। মেয়ে ক্লাস থ্রিতে পড়ে।
১০। এই যে নেন। এটা হল আমাদের এলাকার বিখ্যাত গোল বেগুনের ভাজি। আর এটা নেত্রকোনার বিখ্যাত জাম আলু ভরতা। এটা সিঞ্চল ভরতা। একটু ঝাল হবে। সাবধানে খাবেন। এটা শিং মাছ দিয়ে মাশকলাইর ডাল, এখানকার বিশিষ্ট খাওয়া। আর ওটা হ'ল চিংড়ি মাছ ও বড়ি দিয়ে তরকারি।
১১। ভাবি আমাকে তুমি করে বলবেন। আপনি তো অনেক রান্না করেছেন, অনেক কষ্ট করেছেন।
